

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/ভার্চুয়াল সভার/২০২২/ ২৫২৪

তারিখঃ ০৬/১২/২২

বিষয়ঃ দেশের সকল বেসরকারী ক্লিনিক/হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের সেবা প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল বেসরকারী ক্লিনিক/হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার অন লাইন নিবন্ধন ও লাইসেন্স প্রক্রিয়ায় আনার চেষ্টা অব্যাহত আছে এবং অধিকাংশ ক্লিনিক/হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার বর্তমানে স্বাস্থ্য অধিদপ্তরের ডাটাবেইজে অন্তর্ভুক্ত। সকল বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের ডিসপ্লে-তে তাদের লাইসেন্স নাম্বার প্রদর্শন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদসত্ত্বেও কিছু বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার অদ্যাবধি রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত না হয়ে অবৈধভাবে পরিচালিত হচ্ছে। তাই সকল চিকিৎসককে কোন হাসপাতাল/ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টারে সেবা প্রদানের পূর্বে সেই হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের নিবন্ধন সন্পর্কে নিশ্চিত হয়ে সেবা প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নিবন্ধনহীন হাসপাতাল/ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টারে সেবা প্রদানের দায়-দায়িত্ব সেই চিকিৎসকের উপর বর্তাবে এবং স্বাস্থ্য অধিদপ্তর এই বিষয়ে অবহিত হলে বিধি মোতাবেক যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বিষয়টি সকল সরকারী, বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের স্ব-স্ব প্রধানকে অধীনস্থ সকলের দৃষ্টিগোচর করার নির্দেশনা প্রদান করা হলো।

M. H. H.  
06.12.22

পরিচালক (ভারপ্রাপ্ত)

(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

Email:directorhospital@ld.dghs.gov.bd

কার্যার্থেঃ

- ১। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল)
- ২। সিভিল সার্জন (সকল)
- ৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল)
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার ওনার্স এসোসিয়েশন

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

পরিচালক (ভারপ্রাপ্ত)

(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।